'শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর, সাতক্ষীরা।

# সামগ্রিক কার্যক্রম

## উপপরিচালকের কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের নাম, পদবী ও মোবাইল নম্বরঃ

| ক্রঃ নং | নাম | পদবী | মোবাইল নম্বর | e -MAIL |
|---|---|---|---|---|
| ১ | এ.কে. এম শফিউল আযম | উপপরিচালক (চঃ দাঃ) | ০১৭১১৪৪৮৮৬০ | dwaosatkhira@yahoo.com |
| ২ | ফাতেমা জোহরা | প্রোগ্রাম অফিসার | ০১৭১৬৮০১৩৪৫ | |
| ৩ | সুলতানা রাজিয়া | অফিস সহকারী-কাম-কম্পিউটার-অপারেটর | ০১৯১৫৮২৮৫০০, ০১৭১২৭১০১৯৩ | |
| ৪ | মোঃ জাহাঙ্গীর হোসেন হাওলাদার | অফিস সহায়ক | ০১৭৭১৩২৩৫৭৩ | |
| ৫ | মোছাঃ রোজিনা খাতুন | অফিস সহায়ক | ০১৭৩৩০৯২৫৭৯ | |
| | 'জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণের' প্রশিক্ষক বৃন্দ | | | |
| ৬ | লুৎফুননাহার বিথী | ট্রেড প্রশিক্ষক (সো-পিস এন্ড হ্যান্ডিক্রাফট মেকিং) | ০১৭১৬১৫০৯৬৭ | |
| ৭ | মোঃ জাকির হোসেন | ট্রেড প্রশিক্ষক (মোবাইল ফোন সার্ভিসিং) | ০১৯১২০০৭৮৯৩ | |
| ৮ | আব্দুল্লাহ আল মামুন | ট্রেড প্রশিক্ষক (কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন) | ০১৯১৫৫১২৮৯২ | |
| ৯ | নূরীয়া নাজনীন | ট্রেড প্রশিক্ষক (ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং) | ০১৯৫৪৬৪৪১৮২ | |
| ১০ | তাছরিনা খাতুন | ট্রেড প্রশিক্ষক (সার্টিফিকেট ইন বিউটিফিকেশন) | ০১৯৩৪৮০৩০৫৩ | |

### কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের জনবল

| | | | |
|---|---|---|---|
| ১১ | করবী সুলতানা | ফিল্ড সুপারভাইজার, কিশোর-কিশোরী ক্লাব | ০১৭৪২৫৪৩০৪০ |
| ১২ | মোঃ আজিবুর রহমান | ফিল্ড সুপারভাইজার, কিশোর-কিশোরী ক্লাব | ০১৯২৯০৩৯৭০৭ |

- ভিজিডি কর্মসূচীর আওতায় দরিদ্র সীমার নীচে বসবাসকারী সাতক্ষীরা জেলার ৭টি (সাতক্ষীরা সদর, দেবহাটা, কলারোয়া, কালিগঞ্জ, তালা, আশাশুনি, শ্যামনগর) উপজেলায় ৭৮টি ইউনিয়নে ২০৯১১ জন উপকারভোগীর মাঝে ভিজিডি খাদ্য শষ্য বিতরণ, সঞ্চয় মাসিক ২০০/- টাকা হারে উত্তোলনসহ নির্ধারিত এনজিও দ্বারা প্রশিৰণ কার্যক্রম চলমান আছে। ভিজিডি কার্যধারী মহিলাদেরকে ২ বছর মেয়াদে ৩০ কেজি প্যাকেটজাত বস্তায় খাদ্য ও আর্থিক সুবিধা প্রদান করা হয়। আয়বর্ধক সচেতনতা বিষয়ক প্রশিক্ষন দেয়া হয় ও ভিজিডি চক্র শেষে প্রশিক্ষন প্রাপ্ত মহিলাদের ঋণ সুবিধা প্রদান করা হয়।

- জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচীর ৫টি ট্রেড যথা- ১) সো-পিস এন্ড হ্যান্ডিক্রাফট মেকিং ২) মোবাইল ফোন সার্ভিসিং ৩) কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন ৪) ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং ৫) সার্টিফিকেট ইন বিউটিফিকেশন প্রশিক্ষণ দেওয়া হয়। দৈনিক ১০০/- (একশত) টাকা হাজিরার ভিত্তিতে দুস্থ, মেধাবী, শিক্ষিত ও স্বল্পশিক্ষিত মহিলাদের প্রশিক্ষণ সম্পূন্ন ফ্রিতে প্রদান করা হয়।

আসন সংখ্যা ১০০ (একশত) টি। কোর্সের  মেয়াদ ৩ মাস। বর্তমানে সকল ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম চলমান।

- দরিদ্র মার জন্য মাতৃত্বকালীন ভাতা কর্মসূচীর অধীনে সাতক্ষীরা জেলার ০৬টি উপজেলার ৬৬টি ইউনিয়নে ১০০৩২ জন দরিদ্র মা'র জন্য মাতৃত্বভাতাভোগী ভাতা প্রদান কার্যক্রম চলমান। মাসিক ৮০০/- টাকা হারে ০৩ বছরে মেয়াদে মাতৃত্বকালীন ভাতা প্রদান করা হয়। এছাড়া মা ও শিশুর স্বাস্থ্য সুরক্ষায় প্রশিক্ষণ প্রদান করা হয়।
- ক্ষুদ্র ঋন কার্যক্রমের আওতায় দুস্থ, অসহায় ও প্রশিক্ষিত নারীদের আত্মকর্মসংস্থানের লক্ষে ক্ষুদ্র ঋন প্রদান করা। এ কার্যক্রমের মাধমে বিভিন্ন কর্মসূচীর আওতায় ৫০০০ **হতে ১৫০০০/- টাকা** পর্যন্ত সহজ শর্তে ঋণ প্রদান করা হয়। ঋণ গ্রহীতার মূল টাকার সংগে শুধু মাত্র **৫%** হারে সার্ভিস চার্জ গ্রহণ করা হয়।
- কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচীর আওতায় সাতক্ষীরা পৌরসভায় ০৯টি ওয়ার্ডে ১৭০০টি এবং কলারোয়া উপজেলার পৌরসভায় ৫৭৫টি মোট ২২৭৫ জন উপকারভোগীকে ৩ বছর মেয়াদে ৮০০/- টাকা করে ভাতা প্রদান করা হয়। বর্তমানে ২০২১-২০২২ অর্থ বছরের ৭০০ জন ভাতাভোগীর যাচাই বাছাই কার্যক্রম চলমান রয়েছে।
- মহিলা ও শিশুদের আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত নারী নির্যাতন প্রতিরোধ কমিটি স্থানীয় ভাবে নারী ও শিশু নির্যাতনমূলক অভিযোগের প্রেক্ষিতে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহনের ব্যবস্থা করে থাকে।
- উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, সাতক্ষীরায় মহিলা জনগোষ্ঠীর মধ্যে সম্প্রসারন করার লক্ষ্যে ১২৪টি সক্রিয় স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন রয়েছে।
- মহিলাদের আত্মকর্মসংস্থান ও উন্নয়নের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরে নিবন্ধিত সক্রিয় ৪৭টি মহিলা সংগঠন সমুহকে আবেদনের ভিত্তিতে গত ৯/৯/২০২১ অর্থ বছরে বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ হতে ১৪,৭০,০০০ টাকা অনুদান বিতরণ করা হয়েছে মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেছা ইন্দিরা, এম,পি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। এ সকল সমিতির আয়বর্ধক কার্যক্রমের ধরন ও যোগ্যতা অনুসারে অনুদানের পরিমান নির্ধারণ করা হয়।
- নারী উন্নয়ন ও জেন্ডার সমতা আয়নে বিভিন্ন জন সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ যেমন জাগরনী পদযাত্রা, যৌতুক ওবাল্য বিবাহ প্রতিরোধ, জন্ম নিবন্ধন ও বিবাহ নিবন্ধনে উদ্বুদ্ধকরন, এইচ আই ভি এইডস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিসহ নারী অধিকার রক্ষায় CEDAW সনদ বাস্তবায়ন সহ বিভিন্ন দিবস পালন করা হয়। এছাড়া মহিলা উন্নয়ন সমন্বয় সভা সংক্রান্ত সার্বিক কার্যক্রম পরিচালনা, নিয়মিত প্রতিবেদন প্রস্তুত ও বিতরন করা। আন্তর্জাতিক বিভিন্ন সভার জন্য চাহিত তথ্যাদি প্রস্তুত ও বিতরন।
- কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প এর আওতায় সাতক্ষীরা জেলার ২টি পৌরসভা সহ ৮০টি ইউনিয়নে নির্ধারিত প্রাথমিক বিদ্যালয়ের ক্লাব স্থাপন করা হয়েছে। সদর সহ ৭টি উপজেলায় ০২ জন ফিল্ড সুপারভাইজার, ১৮ জন  জেন্ডার  প্রমোটার, প্রতিটি ক্লাবের একজন সংগীত শিক্ষক, একজন আবৃত্তি শিক্ষক

ও একজন ক্লাব কো-অডিনেটর কর্মরত আছে। প্রতি সপ্তাহের শুক্রবার ও শনিবার ১ ঘন্টা ক্লাব চালু থাকে। প্রতিটি ক্লাবে একটি হারমনিয়াম ও ১ সেট তবলা, কেরামবোর্ড, দাবা, লুডু সহ বিভিন্ন মনিহারী সামগ্রী বিতরণ করা হয়েছে। ৯ জন আবৃত্তি ও ১৪ জন সংগীত শিক্ষকের পদ শূন্য রয়েছে। প্যানেল প্রস্তুত পূর্বক ঢাকায় পাঠানো হয়েছে। প্রতিটি ক্লাবে পুষ্টিকর নাস্তা পরিবেশন করা হয়। প্রতিটি ক্লাবে একজন সংগীত শিক্ষক, একজন আবৃত্তি শিক্ষক এবং ৩০×৮০= ২৪০০ জন করে ছাত্র-ছাত্রী সদস্য হিসেবে আছে।

- সাতক্ষীরায় মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় কিশোরী স্বাস্থ্য সুরক্ষায় নারীর অর্থনৈতিক ক্ষমতা সৃষ্টিতে স্যানিটারী ন্যাপকিন ও টাওয়েল প্রস্তুতকরণ, বিতরণ কমসূচী বাস্তবায়নের লক্ষ্যে সাতক্ষীরা জেলার সদরে ১) নাবারণ উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয় ২) সাতক্ষীরা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় ও দেবহাটা উপজেলার ২টি ১) দেবী শহর মাধ্যমিক বিদ্যালয় ২) পারুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ে মোট ৪টি স্কুলে ৮০০ জন ছাত্রীর মাঝে স্যানিটারী ন্যাপকিন বিতরণ সহ কাযক্রম চালু রয়েছে।
- **পালিত বিভিন্ন দিবস সমূহ- (১) ৮ মার্চ আন্তজার্তিক নারী দিবস (২) ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্ম দিবস উপলক্ষে জাতীয় শিশু দিবস (৩) ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে মহিলাদের আলোচনা ও ক্রীড়া অনুষ্ঠান (৪) ৮ মে বিশ্ব মা দিবস (৫) ১৩ অক্টোবর জাতীয় কন্যা শিশু দিবস (৬) ৮ আগস্ট বঙ্গমাতা ফজিলাতুননেছা মুজিব এর জন্ম বাষির্কী (৭) ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস (৮) ১২ অক্টোবর বাল্য বিবাহ নিরোধ দিবস (৯) নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ- (২৫ নভেম্বর-৯ ডিসেম্বর) (১০) ০৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস ও জয়িতাদের সম্মাননা প্রদান (১১) ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে মহিলাদের আলোচনা ও ক্রীড়ানুষ্ঠান।**

## অন্যান্য কার্যক্রম সমূহ-

## অফিসকে সুসজ্জিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ-

**১) প্রয়োজনীয় বই পড়া/সংরক্ষনে রাখার জন্য বুক কর্ণার তৈরী করা হয়েছে।**

**২) অফিসের প্রয়োজনীয় ফাইল/ডকুমেন্ট সংরক্ষণ করার জন্য ফাইল ক্যাবিনেট তৈরী করা হয়েছে।**

**৩) জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণের প্রশিক্ষনার্থীদের তৈরী বিভিন্ন ধরনের জিনিসপত্র রাখার জন্য ডিসপ্লে ক্যাবিনেট তৈরী করা হয়েছে।**

**৪) অফিসের বারান্দাকে প্রশিক্ষণার্থীদের কাজে লাগানোর জন্য ব্যবহার উপযোগী করা হয়েছে।**

**৫) অফিসের যাবতীয় কার্যক্রম মনিটরিং এবং সুরক্ষার জন্য সম্প্রতি সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে।**

**৬) প্রতিনিয়ত ওয়েবসাইট আপডেট করা হয়।**

**৭) জেলা পর্যায়ে আইজিএ প্রকল্পের সহয়োগিতায় সেলস ও ডিসপ্লে সেন্টার এবং বিউটি পার্লার স্থাপন করা হয়েছে।**

**৮) অফিসের খাদ্য সামগ্রী সংরক্ষের জন্য ফ্রিজ ক্রয় করা হয়েছে।**

# প্রশিক্ষণ সংক্রান্ত ই-মনিটরিং

## তারিখ: ১৫-০৯-২০২১ ইং

- জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণের কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন ট্রেডের প্রশিক্ষণার্থী সানজানার সাথে এবং ট্রেড প্রশিক্ষক আব্দুল্লাহ আল মামুন এর সাথে মোবাইলে ভিডিও কলের মাধ্যমে প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা করেন।
- সাটিফিকেট ইন বিউটিফিকেশন ট্রেডের প্রশিক্ষক মোছাঃ তাছরিনা খাতুন ও প্রশিক্ষণার্থী মোছাঃ সুমাইয়া শারমিন এর সাথে ভিডিও কলের মাধ্যমে প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা করেন।
- সো-পিস এন্ড হ্যান্ডিক্রাফট মেকিং ট্রেডের প্রশিক্ষক লুৎফুননাহার বিথীর ও প্রশিক্ষণার্থী মোছাঃ সাদিয়া ইসলাম এর সাথে মোবাইলে ভিডিও কলের মাধ্যমে প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা করেন।
- ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং ট্রেডের প্রশিক্ষক মোছাঃ নূরীয়া নাজনীন ও প্রশিক্ষণার্থী মোছাঃ শাহানারা পারভীন এর সাথে মোবাইলে ভিডিও কলের মাধ্যমে প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা করেন।

### প্রশিক্ষনার্থী উপস্থিতি:

- প্রথম ব্যাচ: সকাল ৯.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত।
  সো-পিস এন্ড হ্যান্ডিক্রাফট মেকিং ট্রেডের ১০ জন প্রশিক্ষনার্থীর মধ্যে ০৮ প্রশিক্ষনার্থী উপস্থিত ছিলেন।
- মোবাইল ফোন সার্ভিসিং ট্রেডের ১০ জন প্রশিক্ষনার্থীর মধ্যে ০৯ প্রশিক্ষনার্থী উপস্থিত ছিলেন।
- কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন ট্রেডের ১০ জন প্রশিক্ষনার্থীর মধ্যে ০৮ প্রশিক্ষনার্থী উপস্থিত ছিলেন।
- ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং ট্রেডের ১০ জন প্রশিক্ষনার্থীর মধ্যে ০৭ প্রশিক্ষনার্থী উপস্থিত ছিলেন।
- সাটিফিকেট ইন বিউটিফিকেশন ট্রেডের ১০ জন প্রশিক্ষনার্থীর মধ্যে ১০ প্রশিক্ষনার্থী উপস্থিত ছিলেন।


**WEBSITE : dwa.satkhira.gov.bd**
**EMAIL : dwaosatkhira@yahoo.com**
**FACEBOOK : Dwa Satkhira**


## এছাড়াও অন্যান্য যাবতীয় কার্যক্রম চলমান রয়েছে।